

কালের কণ্ঠ

ক্যারিয়ার ফেয়ারে ‘রেজিস্ট্রা’ ও ‘ইজিয়ার’

২৭ জুন, ২০১৯

আজ থেকে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে শুরু হতে যাওয়া ব্র্যাক ইউনিভার্সিটি জাতীয় ক্যারিয়ার ফেয়ারে অংশ নিচ্ছে দেশের প্রথম ‘আইক্যান অ্যাক্রেডিটেড ডোমেইন রেজিস্ট্রার’ প্রতিষ্ঠান ইনোভেডিয়াস প্রাইভেট লিমিটেডের ব্র্যান্ড ‘রেজিস্ট্রা’ এবং অ্যাপভিত্তিক রাইড শেয়ারিং প্রতিষ্ঠান ‘ইজিয়ার’। দুদিনের এ মেলায় তথ্য-প্রযুক্তি প্রতিষ্ঠানে চাকরি পাওয়ার ও নতুন স্টার্টআপ বা উদ্যোগ চালুর কৌশল শেখাবে প্রতিষ্ঠান দুটি।